# তালা উপজেলা পরিষদের আগস্ট/ ২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : ঘোষ সনৎ কুমার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
তালা, সাতক্ষীরা

সভার তারিখ : ২৯/০৮/২০২২খ্রি:
সভার সময় : সকাল ১১.৩০ টা

সভার শুরুতে সভাপতি আজকের সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানান এবং উপজেলার সার্বিক উন্নয়নের জন্য সহযোগিতা কামনা করেন। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, তালাকে বিধি মোতাবেক সভার কাজ শুরু করার অনুরোধ জানান।

**০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ :**

সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন ও বিয়োজন না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভাগওয়ারী আলোচনা করা হয়:

**০২। বিভাগীয় আলোচনা:**

**(ক) উপজেলা প্রকৌশলীর কার্যালয়:**

(১) উপজেলা প্রকৌশলী সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)এর আওতায় অত্র উপজেলায় সাধারণ বরাদ্দের প্রথম কিস্তি বাবদ ১৯.৩৮ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে বরাদ্দকৃত টাকা সমভাবে বন্টনের জন্য এবং বন্টনকৃত টাকার বিপরীতে সকল ইউনিয়ন পরিষদ থেকে প্রকল্প গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

(২) উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাষ্টার প্লান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে মাননীয় সংসদ সদস্যের অনানুষ্ঠানিক পত্র সংখ্যা ০৫৮ তারিখঃ ১৭/০৫/২০২২ খ্রিঃ অনুযায়ী নিম্নলিখিত প্রকল্পের প্রস্তাবনা প্রেরণ করা হয়েছে। (ক) (সরুলিয়া ইউপি - সুড়িঘাটা বাজার রোড, আইডি নং- ২৮৭৯০৩০১২) পাটকেলঘাটা বাজারের হাইস্কুল রোড থেকে পাঁচ রাস্তা মোড় হয়ে ভূমি অফিস - কালিবাড়ী টু পদ্মরাণী মাঠ পর্যন্ত ড্রেন ও মধ্যবর্তী স্থানে কালভার্ট সহ রাস্তা পুনঃনির্মাণ - ১.৫০০ কিঃমিঃ (খ) পাটকেলঘাটা আঃ লতিফ সরদারের বিসি মোড় হইতে গরু হাট হয়ে টাওয়ার রোড- ১.০০ কিঃ মিঃ। (গ) পাটকেলঘাটা ফুটবল মাঠ রোড জামসেদ মেম্বারের দোকানের মোড় হইতে হাইওয়ে রোড- ০.৫০০ কিঃমিঃ। (ঘ) পাটকেলঘাটা গরুর হাটের কর্ণারে কসাইখানা নির্মাণ।

সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে উপরোক্ত প্রকল্পগুলো দ্রুত প্রাক্কলণ প্রস্তুত পূর্বক যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

(৩) উপজেলা প্রকৌশলী সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, অত্র উপজেলায় ৮ নং মাগুরা ইউনিয়ন পরিষদ ও ৯ নং খলিষখালী ইউনিয়ন পরিষদ ভবন জরাজীর্ণ এবং যেকোন মূহুর্তে ভেঙ্গে পড়ে জীবনহানির সম্ভবনা রয়েছে এবং নতুন ভবন না থাকায় সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানিয়েছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অত:পর চেয়ারম্যান উপজেলা পরিষদ বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত সামাজিক সুরক্ষা কর্মসূচির যে সব সেবা স্থানীয় সরকারের মাধ্যমে প্রদান করা হয় যেমনঃ বিধবা ভাতা, বয়স্ক ভাতা, প্রতিবন্ধী ভাতা, গ্রাম্য সালিশ, দশ টাকা কার্ডে চাল বিতরণ, ভিজিডি, ভিজিএফ, জন্ম নিবন্ধনসহ অন্যান্য সকল সেবাসমূহ পেতে উক্ত ইউনিয়ন পরিষদের নাগরিকদের সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন পরিষদের সেবা গ্রহীতাদের সহজে সেবা প্রাপ্তির জন্য বর্তমান স্থানগুলো ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

(৪) সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন যে, এলজিইডি অফিসে মোটরসাইকেল রাখার জন্য গ্যারেজ নির্মাণ করা আবশ্যক। এ বিষয়ে সভায় আলোচনা করা হয় এবংবিস্তারিত আলোচনান্তে এলজিইডি অফিসের মোটরসাইকেল গ্যারেজ নির্মাণের জন্য সকলে সম্মতি প্রদান করেন। উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১০ এর ৩(ক) অনুযায়ী ২,০০,০০০/-(টাকা দুইলক্ষ মাত্র ) টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং দ্রুত কাজ বাস্তবায়নের স্বার্থে নিম্নলিখিতভাবে একটি পিআইসি কমিটি গঠন করা হল।

| কমিটি | |
|---|---|
| (ক) চেয়ারম্যান, খলিলনগর ইউনিয়ন পরিষদ, তালা, সাতক্ষীরা | সভাপতি |
| (খ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তালা | সদস্য |
| (গ) উপজেলা একাডেমিক সুপারভাইজার, তালা | সদস্য |
| (ঘ) প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তালা | সদস্য |
| (ঙ) জনাব স্বজল কুমার, উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, তালা | সদস্য |

CamScanner

(খ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দপ্তর :

আলোচনা : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২২-২৩ অর্থবছরের জন্য বরাদ্দ পাওয়া গেছে। প্রাপ্ত বরাদ্দ বিভাজন করা হয়েছে।প্রকল্প তালিকা আগামী ০৭ দিনের মধ্যে প্রেরণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য চলমান বীরনিবাস প্রকল্পের কাজ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে মর্মে তিনি সভাকে জানান। এ ছাড়া তার অফিসের অন্যান্য কার্যক্রম বিধি মোতাবেক সুষ্ঠুভাবে চলছে মর্মে অবহিত করেন।

(গ) উপজেলা শিক্ষা অফিস :

আলোচনা : উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামো উন্নয়ন কাজ চলমান। প্রতিটি কাজ উপজেলা প্রকৌশলী কর্তৃক পরিদর্শন অন্তে বিল প্রদান করা হচ্ছে। এ ছাড়া অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে।

(ঘ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস :

আলোচনা : সভায় উপস্থিত উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, সারাদেশের ন্যায় আগামী ০৪-০৯ সেপ্টেম্বর ২০২২ খ্রি: তারিখের মধ্যে তালা উপজেলায় ৪৯-তম জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠানের আয়োজন করা হবে। এ ছাড়া আগামী ১৫ সেপ্টেম্বর ২০২২ খ্রি: হতে এসএসসি/এসএসসি (ভোকেশনাল)/ দাখিল/ দাখিল (ভোক) পরীক্ষা অনুষ্ঠিত হবে। তিনি উক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। পাশাপাশি দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।

(ঙ) উপজেলা মহিলা বিষয়ক দপ্তর:

আলোচনা : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, তার দপ্তরের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে এবং ভাতাভোগীদের ভাতা যথানিয়মে পরিশোধ করা হয়েছে। আগস্ট-২০২২ মাসে ৫টি বাল্যবিবাহ প্রতিরোধ করা হয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম যথাযথভাবে চলছে।

(চ) উপজেলা যুব উন্নয়ন বিভাগ :

আলোচনা : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে রাজস্ব খাতে ১৪ টি ব্যাচে প্রশিক্ষণ প্রদানের নির্দেশনা ছিল। ইতোমধ্যে ১৪টি ব্যাচে (৩০x০১)=৩০জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ক্রমপুঞ্জিত প্রশিক্ষনার্থীর সংখ্যা (উন্নয়ন ১৯৭২+রাজস্ব ৭১৪৭) =৯১১৯ জন। চলতি অর্থবছরে আত্মকর্মী করা হয়েছে রাজস্ব-১৪ জন, ক্রমপুঞ্জিত আত্মকর্মীর সংখ্যা (উঃ ০+রাঃ ৩৭৩৬) =৩৭৩৬জন। চলতি মাস পর্যন্ত যুবঋণ বিতরণ করা হয়েছে ২৪ জন যুব এর মধ্যে (রাজস্ব) ১১,০০,০০০/-টাকা । ক্রমপঞ্জিত ঋণ বিতরণের পরিমাণ ৪,৮৫,৪৪,০০০/-টাকা। মেয়াদ উত্তীর্ণ ঋণ খেলাপীর পরিমাণ ৭,৯৯,৯৭১/-টাকা । কিস্তি খেলাপী টাকার পরিমান ৭১১১৫০/-টাকা । চলতি মাসে ঋণ আদায়ের হার ৮৯.৩৯% এবং ক্রমপুঞ্জিত আদায়ের হার-৯৬.৪০% । করোনা ভাইরাস(কোভিড-১৯)এর কারণে সকল প্রকার ঋণ আদায় বন্ধ থাকার কারণে কস্তি খেলাপী ও মেয়াদীত্তোর্ণ খেলাপীর পরিমাণ বেড়েছে ফলে আদায়ের হার কম হয়েছে। চলতি মাসে ০৩(তিন) মাসের আবাসিক প্রশিক্ষণের জন্য ১১ (এগার) জন যুবককে সাতক্ষীরা যুব প্রশিক্ষণ কেন্দ্রে পাঠানো হয়েছে।এ ছাড়া তার কার্যালয়ের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে জানান ।

(ছ) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তালা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরও জানান যে, আগস্ট/২০২২ মাসে ০৪ জন পুরুষকে এবং ০৫ জন মহিলাকে স্থায়ী পদ্ধতি গ্রহণেরর সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ১০ বছর মেয়াদী আইইউডি-৪৫জন, ৩ বছর মেয়াদী ইমপ্লান্ট ৪৪ জনকে প্রদান করা হয়েছে। উপজেলার সিএআর-৭৯.২৫%। মা ও শিশু স্বাস্থ্য সেবার এএনসি -৮৩৮ জন, পিএনসি-১৯০ জন, ডেলিভারী-২৬ জন, শিশু-১৭৩৪ জন এবং সাধারণ রোগী ৫১৫৬ জনকে সেবা দেয়া হয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, তালা-কে অনুরোধ করা হয়।

(জ) মৎস্য বিভাগ :

[illegible] উপজেলা মৎস্য কর্মকর্তা তালা জানান যে, ২০১৪ সালে সর্বশেষ এ উপজেলার জেলেদের নিবন্ধন করা হয়। সরকারি বিভিন্ন

CamScanner

(ঝ) কৃষি বিভাগ :

আলোচনা : সভায় উপজেলা কৃষি অফিসার, তালা জানান যে, কৃষকদের উদ্বুদ্ধ করতে ইতোমধ্যে কৃষকদের মাঝে প্রণোদনা প্রদান করা হয়েছে। এ ছাড়া তার দপ্তরের অন্যান্য কাজ ভালভাবে চলছে।

(ঞ) সমাজসেবা বিভাগ :

আলোচনা : সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, বিভিন্ন প্রকার ভাতাভোগীদের সেবা যথাযথভাবে প্রদান করা হচ্ছে। এ ছাড়া অফিসের অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে।

(ট) পল্লী সঞ্চয় ব্যাংক :

আলোচনা : সভায় ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, তালা জানান যে, তার দপ্তরের কার্যক্রম নিম্নরূপ :

| ক্রঃনং | জেলার নাম | শাখার নাম | মোট সমিতি | মোট সদস্য | মোট সঞ্চয় | লোন গ্রহীতার সংখ্যা | লোন বিতরণ | আসল পরিশোধ | আসল পাওনা | সার্ভিস চার্জের পরিমাণ | বকেয়া | চলতি বকেয়ার সংখ্যা | চলতি বকেয়া |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | সাতক্ষীরা | তালা শাখা | ৩০৫ | ১৩৯০৭ | ১২৮৫.৪৭ | ৯২২২ | ৯৬২০.০০ | ৬৮৮৪.০৬ | ২৭৮৮.২৭ | ১৮৮০.৫৯ | ৫৪০.২৭ | ৫৭৯৫ | ১১২৪.০৬ |

তার দপ্তরের খেলাপী ঋণ হ্রাসের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের সহায়তা প্রয়োজন। ঋণ আদায় সন্তোষজনক। এ ছাড়া তার দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে।

(ঠ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প বিভাগ :

বিষয় : শিক্ষার মান্নোয়নের জন্য ইউজিডিপি-র অর্থায়নে তালা উপজেলায় একটি ট্রেনিং সেন্টার নির্মাণ প্রকল্প গ্রহণ

আলোচনা : সভায় উপজেলা নির্বাহী অফিসার, তালা বলেন যে, তালা একটি বড় উপজেলা। এখানে প্রায় ৩,২৫,০০০ জনের অধিক লোকের বাস। এখানে ১১টি কলেজ, ৬৬টি মাধ্যমিক বিদ্যালয়, ২৪টি মাদ্রাসা এবং ২১১টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। সকল শিক্ষা প্রতিষ্ঠানে মোট ৩০০০ জনের অধিক শিক্ষক রয়েছে। উক্ত শিক্ষকগণ উপযুক্ত প্রশিক্ষণের অভাবে তাদের মেধার যথাযথভাবে প্রতিফলন শিক্ষা প্রতিষ্ঠানে রাখতে পারছে না। পাশাপাশি এ উপজেলার শিক্ষিত জনগোষ্ঠীকে সরকারের বহুমুখী কর্মকান্ডের বিস্তৃতি এবং পরিধি সর্ম্পকে সম্যক ধারণা প্রদান করার জন্য একটি গবেষণাধর্মী শিক্ষণ কেন্দ্র তথা প্রশিক্ষন কেন্দ্র স্থাপন করা জরুরী। অধিকন্তু সরকারের সকল প্রকার নিজন নিজ দপ্তর তাদের কর্মকান্ড বাস্তবায়ন করলেও সেগুলোর যথাযথ প্রচার ও প্রচারণা জনজণকে অবহিত করার প্রয়াস লক্ষ্য করা যায়না।

• উপজেলা পর্যায়ে সরকারের সকল দপ্তরের কর্মকান্ডের সার্বিক প্রতিফলিত ছবির তথ্যবহুল প্রচারণা এবং উপস্থাপনার জন্য স্থায়ী অবকাঠামোর গবেষণাধর্মী প্রতিষ্ঠানের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। অধিকন্তু সরকারি প্রতিষ্ঠানের কর্মকান্ডকে উপস্থাপনার সুযোগ সৃষ্টি করার জন্য এ ধরণের প্রতিষ্ঠান স্থাপন করা আবশ্যক হয়ে পড়েছে। উক্ত গবেষণাধর্মী এবং প্রশিক্ষণ উপযোগী ও সর্বপরি সেবাধর্মী প্রতিষ্ঠান/ অবকাঠামো উপজেলা পরিষদের তত্ত্বাবধানে এবং ক্যাম্পাসে স্থাপনের মাধ্যমে উপজেলা পরিষদকে জনসাধারণের নিকট আরো সেবাধর্মী এবং জনবান্ধন প্রতিষ্ঠানে রূপান্তর করা সম্ভব মর্মে প্রতীয়মান হয়। নতুন প্রজন্মকে তাদের স্বীয় জন্মস্থানের ইতিহাস ঐতিহ্যের সাথে পরিচয় করিয়ে দেওয়ার মাধ্যমে বৃহত্তর কর্মপরিবেশে প্রবেশের পথে উক্ত প্রতিষ্ঠান বলিষ্ঠ ভূমিকা রাখতে পারে। প্রস্তাবিত প্রতিষ্ঠানে রক্ষিত সকল প্রকার ডকুমেন্ট ব্যবহারের মাধ্যমে বাস্তবভিত্তিক জনকল্যাণমুখী প্রকল্প গ্রহণ করা এবং বাস্তবায়ন করা সম্ভব। অধিকন্তু এ ধরণের প্রতিষ্ঠানে আর্ন্তজাতিক / দেশীয় স্ব স্ব ক্ষেত্রের পারদর্শী ব্যক্তিদের আমন্ত্রণের মাধ্যমে স্থানীয় জনগোষ্ঠীর মাধ্যমে নতুন নতুন ধ্যান ধারণা এবং কলাকৌশলের সাথে পরিচিত হতে পেরে স্থানীয় জনগোষ্ঠী দেশের স্বার্থে সামাজিক উন্নয়নে ভূমিকা রাখতে পারে।

পরিশেষে প্রস্তাবিত গবেষণাধর্মী প্রতিষ্ঠানের একটি খসড়া/ নকসা ও প্রাক্কলণ প্রস্তুতের জন্য উপজেলা প্রকৌশলীকে তালাকে অনুরোধ করা হয়। প্রস্তুতকৃত কার্যাদির বিস্তারিত প্রতিবেদন অনুমোদনের চাহিদাপত্র উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি),জনস্বাস্থ্য প্রকৌশল ভবন , ক্যাপ্টেন মনসুর আলী সরণি, কাকরাইল, ঢাকা ১০০০ কার্যালয়ে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ড) বিষয় : বিএডিসির ৩ লক্ষ টাকা ব্যয় অনুমোদন সিদ্ধান্ত

আলোচনা : সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), সাতক্ষীরা সভায় জানান যে, তালা উপজেলায় বিএডিসির কোন অফিস না থাকায় জেলা অফিস

CamScanner

([illegible]) বিআরডিবি বিভাগ :

আলোচনা : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন যে, বিআরডিবি তালা উপজেলা গ্রামীণ আর্থ সামাজিক উন্নয়নে কৃষক, বিত্তহীন পুরুষ ও মহিলাদের সুসংগঠিত করে সমিতি ও দলের সদস্যদের কৃষি উৎপাদন ও অন্যান্য আয় বৃদ্ধি মূলক কর্মকান্ডে ঋণ সহায়তা প্রদান করাসহ ক্ষুদ্র ক্ষুদ্র শেয়ার ও সঞ্চয় জমার মাধ্যমে পুজিঁ গঠনে সহায়তা করে যাচ্ছে। বিআরডিবি ১৯৮২ সাল হতে শুরু করে আগস্ট/২২ পর্যন্ত নিম্নরুপ অগ্রগতি অর্জন করতে সক্ষম হয়েছে। মাসের নাম : আগস্ট/২০২২(লক্ষ টাকায়)

| প্রকল্প/কর্মসূচির নাম | সমিতি/দল | সদস্য সংখ্যা | মূলধন গঠন | ঋণ বিতরণ | আদায় | খেলাপী | আদায়ের হার | প্রশিক্ষণ প্রদান |
|---|---|---|---|---|---|---|---|---|
| কৃষক সমবায় সমিতি | ১০০টি | ২৫২৩ জন | ১৭৩.৮৭ | ৫৬৭৯.০৭ | ৫০৮৯.১১ | ২৫.৮৩ | ৯৯% | ২১৭৪জন |
| মহিলা সমবায় সমিতি | ৪৭টি | ১৯৭৮জন | ১০৯.৯৫ | ৩৭৩৬.৫৯ | ৩৪০.২৭ | ৯.১২ | ৯৯% | ১৫৩৭জন |
| সদাবিক কর্মসূচি | ৬২টি | ২০৮১জন | ৩৪.১১ | ১৫৩৩.৪০ | ১৪৩২.০৬ | ১২.৯৩ | ৯৯% | ৭৫০জন |
| পল্লী প্রগতি কর্মসূচি | ২১টি | ৫১৬জন | ১০.৭৫ | ৫১৮.০০ | ৪৬২.০৯ | ৩.৮৬ | ৯৯% | ১১০জন |
| অস্বচ্ছল মুক্তিযোদ্ধা | -- | ৬৫জন | -- | ২৫.৭৬ | ২২.৭৫ | ০.০১ | ৯৯% | -- |
| অপ্রধান শস্য কর্মসূচি | ২৫টি | ৪৫৫জন | ১০.৩২ | ৭৩.৩০ | ৩২.২৯ | -- | ১০০% | ২৪০জন |
| মোট= | ২৫৫টি | ৭৮৭৪ জন | ৩৩৯.০০ | ১১৫৬৬.১২ | ১০৪৪১.০০ | ৫১.৭৫ | ৯৯% | ৪৮১১জন |

| কর্মসূচির নাম | স্কীম বাস্তবায়নের লক্ষ্যমাত্রা | স্কীম বাস্তবায়ন | স্কীম বাস্তবায়নের হার | প্রশিক্ষণ প্রদান |
|---|---|---|---|---|
| অংশীদারিত্ব মূলক পল্লী উন্নয়ন প্রকল্প | ৮০ টি | ৭৮ টি | ৯৭% | ১৪৪০ জন |

সিদ্ধান্ত : বিষয়ে সভায় আলোচনা হয় এবং কাজের এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

০৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের বক্তব্য :

(ক) চেয়ারম্যান, খলিলনগর ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, ।) খলিলনগর ইউনিয়নের মহান্দী হতে কাশিমনগর পর্যন্ত রাস্তাটি সংস্কার ও প্রশস্তকরণের কাজ এলজিইডির তত্বাবধানে শুরু হলেও দীর্ঘদিন কাজটি আংশিক সম্পন্ন করে বন্ধ থাকায় জনগণের যাতায়াতের মারাত্মক অসুবিধা হচ্ছে। তিনি দ্রুত কাজটি সমাপ্ত করার আহবান জানান। একই সাথে এলজিইডির আওতায় মহান্দী হতে গোনালী ফেরিঘাট রাস্তা কার্পেটিং এর কাজটিও দ্রুত সম্পন্ন করার জন্য দাবী করেন।

।।) তিনি জানান, খলিলনগর ইউনিয়নসহ উপজেলার অনেকস্থানে দূর্যোগ ও ত্রাণ অধিদপ্তরের আওতায় স্থাপিত স্ট্রিট লাইট নষ্ট হয়েছে। তিনি ঠিকাদারের জামানতের টাকা দিয়ে স্ট্রিট লাইটগুলো মেরামতের জন্য মহাপরিচালক, দূর্যোগ ও ত্রাণ অধিদপ্তরের নিকট নির্দেশনা চাওয়ার অনুরোধ করেন।

।।।) তিনি সভায় আরও জানান, মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প খলিলনগর ইউনিয়নের নলতা আশ্রয়ণ প্রকল্পের সীমানা প্রাচীর দেয়া খুবই জরুরী। এ ব্যাপারে তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করেন।

।V) তিনি প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক বরাদ্দকৃত প্রাথমিক বিদ্যালয় সমূহের সংস্কারের টাকা সঠিকভাবে ব্যয় হচ্ছে কিনা, তা তদারকি করার অনুরোধ জানান।

(খ) চেয়ারম্যান, খেশরা ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, তার ইউনিয়নের দরমুড়াগাছা পিচের রাস্তাটি সংস্কারের জন্য ইতোপূর্বে মাপজরিপ শেষ হয়েছে, উক্ত রাস্তাটির কাজ দ্রুত শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ করেন । এ ছাড়া পশ্চিমপাড়ার শওকত শেখের বাড়ী হতে বৈরাগীর চক হয়ে কলাগাছি পর্যন্ত মাটির রাস্তাটি সংস্কার করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। পাশাপাশি গোড়োলী থেকে মশিয়াডাঙ্গা ব্রিজ পর্যন্ত পিচের রাস্তা নির্মাণের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। এ ছাড়া তার ইউনিয়নে অবস্থিত ইউনিয়ন ভূমি অফিসে আগত সেবাপ্রার্থীদের বসার জন্য একটি গোলঘর নির্মাণের জন্য দাবী জানান।

(গ) চেয়ারম্যান, তেতুলিয়া ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, জনস্বার্থে জরুরিভিত্তিতে তার ইউনিয়নের কাঞ্চনপুর ঈদগাহ মোড় হতে হিজলডাঙ্গা ভায়া শিরাশুনী রাস্তা সংস্কার করা এবং নওয়াপাড়া বাজারের পাশে একটি নতুন কালভার্ট নির্মাণের জন্য তিনি সভাকে অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং জরুরীভিত্তিতে উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

CamScanner

(ঘ) চেয়ারম্যান, ইসলামকাটি ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, তার ইউনিয়নে চলমান জাতীয় গ্রীডের বৈদ্যুতিক সঞ্চালন লাইনের খুঁটি বসাতে যেয়ে সরকারি রাস্তা ক্ষতিগ্রস্থ হচ্ছে। বিষয়টি দেখার জন্য তিনি সংশ্লিষ্টদের অনুরোধ করেন। তিনি আরও বলেন যে, তালা থেকে পাটকেলঘাটা অভিমুখী রাস্তার দু'পাশের গাছ টেন্ডারের মাধ্যমে বিক্রয়ের পর সেগুলি কর্তনের কাজ চলমান রয়েছে। গাছগুলো কাটার ফলে রাস্তার দু'ধারে গর্তের সৃষ্টি হচ্ছে, যা দুর্ঘটনার অন্যতম কারণ হতে পারে। তাই গর্তগুলো জনস্বার্থে দ্রুত পূরণ করা দরকার। পাশাপাশি ইসলামকাটি ইউনিয়ন পরিষদের সামনের রাস্তা হয়ে খোনা বাজার ও মির্জাপুর বাজার অভিমুখী রাস্তা যাতায়াতের জন্য অনুপযোগী হয়ে পড়েছে বিধায় রাস্তাটি দ্রুত সংস্কারের জন্য তিনি জোর দাবী জানান। অধিকন্তু বাউখোলা ইব্রাহিম শেখ এর বাড়ির সামনে থেকে গনডাঙ্গা অভিমুখী রাস্তাটি সংস্কারের জন্য এবং ইসলামকাটি রেজি: অফিসের সামনের রাস্তা হয়ে মাগুরা ফেরিঘাট অভিমুখী রাস্তাটি কার্পেটিং করার জন্য তিনি সভার দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং জরুরীভিত্তিতে উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।

(ঙ) চেয়ারম্যান, মাগুরা ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, তার ইউনিয়নে ইউনিয়ন ভূমি অফিস নেই। একটি ক্যাম্প অফিস আছে। কিন্তু কোন ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা সেখানে বসেন না। ফলে জনগন হয়রানি হচ্ছে। তিনি তার ইউনিয়নে একটি ভূমি অফিস স্থাপনের দাবী জানান। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

(চ) চেয়ারম্যান, তালা ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, তার ইউনিয়নের ৪ নং ওয়ার্ডে ০১(এক)টি গ্রাম পুলিশ এর পদ শূণ্য রয়েছে। তিনি উক্ত পদটি দ্রুত পুরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে বিনীত অনুরোধ জানান ।

(জ) চেয়ারম্যান, খলিষখালী ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, তার ইউনিয়নের পাটকেলঘাটা-খলিষখালী রাস্তাটি টেন্ডার হলেও ঠিকাদার এখনো কাজ শুরু করেননি। বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভাকে অনুরোধ করেন।

০৫। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় বলেন যে, রাত ৮টার পর সকল দোকান-পাট বন্ধ হয়ে যাচ্ছে। ফলে এলাকায় চুরি ডাকাতি অসামাজিক কাজ ক্রমান্বয়ে বাড়ছে। তিনি এ বিষয়ে বিশেষ নজরদারী বাড়নোর জন্য পুলিশ বিভাগের প্রতি অনুরোধ করেন।

০৫। উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে বাস্তবায়িত নৃ-গোষ্ঠীর জন্য বরাদ্দকৃত ৫টি ঘর সকল প্রক্রিয়া সম্পন্ন করে ঘরের নির্মানকাজ সম্পন্ন করত: উপকারভোগীদের অনুকূলে যথাযথভাবে ঘরের চাবি হস্তান্তর করা হয়েছে । মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প আশ্রয়ণ প্রকল্পের ৩য় পর্যায়ের ২য় ধাপের জন্য বরাদ্দকৃত ১০০টি ঘরের কাজ অত্যন্ত স্বচ্ছতার সাথে বাস্তবায়িত হয়েছে। পাশাপাশি এখন পর্যন্ত এ উপজেলায় ২১০টি আশ্রয়ন-২ প্রকল্পের ঘর নির্মাণ কাজ শেষে উপকারভোগীদের নিকট হস্তান্তর করা হয়েছে। যাচাই-বাছাইকৃত 'ক' শ্রেনির সংখ্যা অনুযায়ী বর্তমান চলমান ১০০টি ঘরের নির্মাণ কাজ প্রায় সম্পন্নের পথে। উক্ত ঘরের কাজ সমাপ্ত হলে এ উপজেলায় আর কোন 'ক' শ্রেনির (ভূমিহীন ও গৃহহীন) পরিবার অবশিষ্ট থাকবে না। সে লক্ষ্যে তালা উপজেলাকে ভূমিহীন ও গৃহহীন উপজেলা হিসেবে ঘোষণা করার প্রস্তাব ইতোমধ্যে জেলা প্রশাসক, সাতক্ষীরা বরাবর প্রেরণ করা হয়েছে।

০৬। জনাব ঘোষ সনৎ কুমার, উপজেলা মাসিক সভার সম্মানিত সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান, তালা তার সমাপনী বক্তব্যে বলেন যে, যে সকল কাজের সাথে একাধিক দপ্তর সংশ্লিষ্ট, যে সকল দপ্তর একত্রে বসে সেগুলো সমাধানের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। পরিশেষে উপজেলা পরিষদের অর্ন্তভুক্ত সকল বিভাগের উন্নয়ন কাজ সম্পর্কে সভাকে অবহিত করার জন্য তিনি সকল বিভাগীয় প্রধানগণকে

উপজেলা পরিষদের অন্তর্ভুক্ত সকল বিভাগের প্রতিটি কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। পরিশেষে তিনি সকলকে সভায় অংশগ্রহণের জন্য কৃতজ্ঞতা ও শুভেচ্ছা জানান। এ ছাড়া উপজেলা পরিষদের অন্যান্য দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ঘোষ সনৎ কুমার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
তালা, সাতক্ষীরা

স্মারক নম্বর : ০৫.৪৪.৮৭৯০.০০০.০৬.০০১.২১ তারিখ : ২৯.০৮.২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। এড. মুস্তফা লুৎফুল্লাহ, মাননীয় সংসদ সদস্য-১০৫, সাতক্ষীরা-১ (তালা- কলারোয়া)

৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৪। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৫। বিভাগীয় কমিশনার, খুলনা

৬। জেলা প্রশাসক, সাতক্ষীরা

৭-৫০। জনাব-------------------------------------------তালা, সাতক্ষীরা

২৯।০৮।22

প্রশান্ত কুমার বিশ্বাস
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
তালা, সাতক্ষীরা

CamScanner